দামুড়হুদায় স্থানীয় সরকার দিবস উন্নয়ন মেলায় সমাপনী অনুষ্ঠান

দামুড়হুদায় জাতীয় স্থানীয় সরকার দিবস ২০২৩ এর উন্নয়ন মেলার সমাপনী ও পুরষ্কার বিতরণ করা হয়েছে।

তিনদিনব্যাপী এই উন্নয়ন মেলার সমাপনী দিনে স্থানীয় সরকারের প্রতিষ্ঠানগুলোর মধ্যে ১ম স্থান অধিকার করেছে হাউলী ইউনিয়ন পরিষদ, ২য় স্থান অধিকার করেছে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ ও ৩য় স্থান উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদফতর।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সমাপনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, হাউলী ইউপি চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন।

দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদের সঞ্চালনায় এসময় আরো উপস্থিত ছিলেন উপজেলা জনস্বাস্থ্য উপসহকারী প্রকৌশলী রফিকুল ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা উপজেলা মডেল মসজিদের ইমাম মুফতি মামুনুর রশীদ সহ সকল ইউপি সদস্যবৃন্দ, রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি প্রমুখ।

চুয়াডাঙ্গা-১ আসনে আফরোজা পারভীনের গণসংযোগ

চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নে যুব মহিলা লীগের পক্ষ থেকে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন এর নেতৃত্ব চুয়াডাঙ্গা সদর উপজেলার শংকরচন্দ্র ইউনিয়নের বিভিন্ন গ্রামে নির্বাচনী গণসংযোগ করেন করা হয়।

এ সময় গণসংযোগ করে চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের নৌকার মনোনয়ন প্রত্যাশি আফরোজ পারভিন প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়ন তুলে ধরেন ও লিফলেট বিতরণ করেন এবং আগামী দ্বাদশ সংসদ নির্বাচনে আবারো শেখ হাসিনা সরকার ও নৌকা মার্কার পক্ষে ভোট চান।

এ সময় উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা যুব মহিলা লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আলিজা খাতুন, সহ-সভাপতি- পূর্ণিমা হালদার,সদর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি-কাজলী আক্তার, সাংগঠনিক সম্পাদক সপ্না খাতুন চিনি, দামুড়হুদা উপজেলা ভাইস চেয়ারম্যান শাহেদা খাতুন,আলমডাঙ্গা উপজেলার যুব মহিলা লীগের সভাপতি মনিরা খাতুন,সাধারণ সম্পাদক জাহানারা খাতুন, চুয়াডাঙ্গা পৌর ৯নং ওয়ার্ড সভাপতি-আরজিনা খাতুন, সাধারণ সম্পাদক বেবি, সাংগাঠনিক সম্পাদক মিতা রানী, ৬ নং ওয়ার্ড সভাপতি রুপালি, সাধারণ সম্পাদক ফাহিমা, ২নং ওয়ার্ড কমিটির অর্থ সম্পাদক শিউলি খাতুন, আওয়ামী লীগ কর্মী ছাত্রলীগ ও যুবলীগ সহ ও চুয়াডাঙ্গা সদর উপজেলা যুব মহিলা লীগের নেতৃবৃন্দ।

কার্পাসডাঙ্গা ইউনিয়নে স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

আজ মঙ্গলবার বেলা ১২ টার সময় কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়নের উদ্ভাবনের স্থানীয় সরকার এই প্রতিপাদ্যকে সামনে রেখে কার্পাসডাঙ্গা ইউনিয়ন স্থানীয় সরকার ২০২৩ উপলক্ষে অনুষ্ঠিত হয়।

কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাসের সভাপতিত্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের সচিব হাসানুজ্জামান, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ ও সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্যবৃন্দ।

এসময় চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস বলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র উদ্যোগে বাংলাদেশে এই প্রথম স্থানীয় সরকার দিবস পালন করা হচ্ছে। ইউনিয়ন পরিষদে নিরবচ্ছিন্ন ভাবে সাধারণ জনগণকে সেবা প্রদান করা হচ্ছে।

সর্বশেষ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের নেতৃত্বে একটি বিশাল র্যালী কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদ হইতে বাজার প্রদক্ষিণ করে।

কার্পাসডাঙ্গায় ফার্মেসী মালিককে ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

দামুডহুদার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা সংরক্ষন অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলা শাখা অভিযান চালিয়ে মেসার্স উষধ বিতান ফার্মেসীর মালিক ইমদাদুল হককে ৫০হাজার টাকা জরিমানা আদায় করেছে।

ভ্রাম্যমান আদালত সুত্রে জানাগেছে মেয়াদউত্তীর্ন উষধ, বিক্রয় নিষিদ্ধ ফিসিসিয়ান সেম্পুল ও প্যাকেটে ডেট আছে উষুধের ডেট নেই এসব রদবদল করায় ভোক্তা সংরক্ষন আইন ২০০৯ এর ৪৫ও ৫১ধারায় ৫০হাজার টাকা জরিমানা আদায় করেন।

আজ মঙ্গলবার দুপুর একটার দিকে চুয়াডাঙ্গা জেলা ভোক্তা সংরক্ষন অভিদপ্তরের সহকারি পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন ও মেয়াদউত্তীর্ন উষধ গুলো আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়।

এসময় উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা বাজার দোকান মালিক সমিতির সভাপতি আলমগীর রাসেল সহ অন্যন্যা সদস্যবৃন্দ। আইন শৃংখলার দ্বায়িত্বে নিয়োজিত ছিলেন কার্পাসডাঙ্গা পুলিশ ক্যাম্পের এসআই ইমরান হোসেনের নেতৃত্বে একটি চৌকশ দল।

চুয়াডাঙ্গায় স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

সেবা ও উন্নতির দক্ষ রুপকার উন্নয়ন- উদ্ভাবনে স্থানীয় সরকার এই প্রতিপাদ্য চুয়াডাঙ্গায় র্যালি ও আলোচনা সভায় মধ্যে দিয়ে পালিত হয়েছে স্থানীয় সরকার দিবস ।

আজ মঙ্গলবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় হতে একটি বর্ণাঢ্য র্যালি বাহির হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদিক্ষন করে আবারো চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় এসে শেষ হয় । র্যালি পরবর্তী আলোচনা সভা চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

স্থানীয় সরকার দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভায় সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা। এ সময় তিনি বলেন, সারা বাংলাদেশের ন্যায় চুয়াডাঙ্গায় প্রথমবারের মতো পালিত হচ্ছে স্থানীয় সরকার দিবস। বাংলাদেশের সার্বিক উন্নয়নের সরকারের পাশাপাশি স্থানীয় সরকারের গুরুত্ব ও ভূমিকা অগ্রণী। দেশের উন্নয়ন ত্বরান্বিত ও বেগবান করতে হলে আমরা যারা স্থানীয় সরকার আছি তাদের আরো বেশি কাজ করতে হবে।আগামীর স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন করতে হলে স্থানীয় সরকার যারা আছে তাদের প্রতি বিশেষ দৃষ্টি দিয়ে তিনি বলেন জনগণের সাথে আমাদের সম্পৃক্ততা আরও বেশি বাড়াতে হবে।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(অর্থ প্রশাসন) রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, চুয়াডাঙ্গা অতিরিক্ত

জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি) শারমিন সুলতানা, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান সহ চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের কর্মকর্তা বৃন্দ। আলোচনা সভাটি উপস্থাপনা করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শহিদুল আলম মিনহাজ।

চুয়াডাঙ্গায় শিক্ষক শাকিলের বিরুদ্ধে শিক্ষার্থীদের মানবন্ধন

চুয়াডাঙ্গা বালিকা উচ্চ বিদ্যালয়ের ইংরেজি বিভাগের সহকারি শিক্ষক শাকিল আরাফাতের বিরুদ্ধে মানবন্ধন ও প্রতিবাদ সভা করেছে শিক্ষার্থীরা।

আজ মঙ্গলবার (১৯ সেপ্টেম্বর) সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ের হাজারো শিক্ষার্থীরা মিলিত হয়ে এই মানবন্ধন করে। বিদ্যালয়ের সহকারি শিক্ষক শাকিল আরাফাত শিক্ষার্থীদের প্রতি কুদৃষ্টিতে তাকানো, শ্লীতাহানি করা, হুমকি দেওয়ার প্রতিবাদে সঠিত বিচারের দাবিতে এই মানবন্ধন করে বিদ্যালয়ের সকল শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ।

এসময় মানবন্ধন করতে করতে চুয়াডাঙ্গা বালিকা বিদ্যালয়ে থেকে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সামনে এসে অবস্থান নেই বিদ্যালয়ের শিক্ষার্থীরা। এই শিক্ষকের বিচারের দাবিতে বিদ্যালয়ের শিক্ষার্থীরা চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার বরাবর একটা স্মারকলিপি প্রদান করেন। এরপর জেলা প্রশাসক কার্যালয়ের সামনে অবস্থানের সময় শিক্ষার্থীরা বলেন, আমরা চাই এই শিক্ষকের দীর্ঘ মেয়াদের সাজা হোক। এরপরে যেন কোনো শিক্ষার্থীর এই কুদৃষ্টিতে তাকানো, শ্লীতাহানি করা, হুমকি দিতে না পারে সেজন্য এই শিক্ষকের কঠিন বিচার চাই। এই শিক্ষক শাকিল আরাফাত প্রতিনিয়ত

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক সাথে হাউলী ইউপি সদস্যদের সাথে মতবিনিময়

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা’র সাথে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়ন পরিষদের সদস্যদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সকাল ১১ টার সময় হাউলী ইউনিয়ন পরিষদের আয়োজনে চেয়ারম্যানের কার্যালয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, ইউনিয়ন পরিষদে আসা সেবা গ্রহীতারা যেন কোনোভাবেই হয়রানির শিকার না হয়। সে বিষয়ে তিনি নির্দেশনা প্রদান করেন। এসময় তিনি বিভিন্ন সেবামূলক কাজ বাল্যবিবাহ মাদক ইভটিজিং থেকে বিরত থাকার জন্য জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে নিজ নিজ ওয়ার্ডের ইউপি সদস্যদের উঠান বৈঠকের মাধ্যমে জনসচেতনতা তৈরীর নির্দেশ প্রদান করেন। ইউনিয়ন পরিষদের বিভিন্ন সেবামূলক কার্যক্রমের জন্য সঠিক দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও ইউনিয়নে উন্নয়নমূলক কর্মকান্ড বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণের পরামর্শ দেন। ইউনিয়ন পরিষদের কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দরভাবে পরিচালনার জন্য চেয়ারম্যান, সচিব এবং ইউপি সদস্যদের উদ্বুদ্ধ করেন। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকারের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সঠিকভাবে কার্যক্রম পরিচালনার নির্দেশনা প্রদান করেন।

ইউনিয়ন পরিষদে আগত সেবা গ্রহীতাদের সাথে সর্বদা সদ্ব্যবহার ও দ্রুত সময়ে সেবা দান করার পরামর্শ দেন তিনি। পরে তিনি ইউনিয়ন পরিষদে আগত সমস্ত সেবা গ্রহীতাদের সাথে কথা বললেন।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, জেলা সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শহিদুল আলম মিনহাজ, হাউলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, ইউপি সচিব নাঈম উদ্দিন সহ পরিষদের সকল সদস্য ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।